

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ২৬/১২/২০২১

বরাবর,
বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক/এসাইনমেন্ট অফিসার

জনাব,
শুভেচ্ছা জানবেন!

আমরা জানি, অনেক বাঙালী নারী পৃথিবীর বিভিন্ন দেশে বিভিন্ন পেশায় বহুদিন ধরে কাজ করে আসছেন। বাংলাদেশ সরকার ও অভিবাসি সরকার নারীরা যাতে নিরাপদে কাজ করতে পারে এবং কাজ শেষে নিরাপদে দেশে ফিরতে পারে সেজন্য ইতোমধ্যে অনেক উদ্যোগ গ্রহণ করেছেন। তারপরও নারীরা যারা বিদেশে যেতে চান তারা দেশে থেকেই নানারকম বিভ্রমনার শিকার হচ্ছে আর যারা বিদেশ থেকে ফিরে আসছেন তাদের কাছেও শোনা যায় অভিবাসী হিসেবে থাকা অবস্থায় তাদের উপর করা নির্যাতন, ধর্ষণ ও প্রতারণার মতো নানা ঘটনা। এই অবস্থায় নারী অভিবাসীর অধিকার ও মর্যাদাকে বাধাগ্রস্ত করে এমন মানবাধিকার ও নারী অধিকার লঙ্ঘনের পরিস্থিতিতে তারা বেঁচে আছে। এই পরিস্থিতি পর্যবেক্ষণ করে কর্মজীবী নারী এবং সবুজের অভিযান ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে ও এশিয়া প্যাসিফিক ফোরাম অন উইম্যান ল' এন্ড ডুভেলপমেন্ট এর সহযোগীতায় আগামী ২৭ ডিসেম্বর ২০২১ এ নারী অধিকার প্রতিষ্ঠায় কর্মরত সংগঠনের সঙ্গে “নারী অভিবাসী শ্রমিকদের অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠায় জাতীয় পর্যায়ের মতবিনিময় সভা” শীর্ষক একটি মতবিনিময় সভার আয়োজন করতে যাচ্ছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন সবুজের অভিযান ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মাহমুদা বেগম। কর্মজীবী নারীর ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক সানজিদা সুলতানার স্বাগত বক্তব্যের মধ্যে দিয়ে শুরু হওয়া এই মতবিনিময় সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ফরিদা ইয়াসমিন, পরিচালক, বাংলাদেশী অভিবাসী মহিলা শ্রমিক এ্যাসোসিয়েশন, রিনা রায়, নির্বাহী কমিটির সদস্য, নারীপক্ষ, সাদিয়া নাসরিন, পরিচালক, সানযোগ বিডি, মমতাজ আরা বেগম, নির্বাহী পরিচালক, মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থা। এছাড়াও উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলাদেশের জাতীয় পর্যায়ে কাজ করে এমন নারী অধিকার ও নারীশ্রমিক অধিকার বিষয়ক সংগঠনগুলোর নেতৃত্বদগন।

অনুষ্ঠান : মতবিনিময় সভা

বিষয় : “নারী অভিবাসী শ্রমিকদের অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠায় করণীয় বিষয়ক জাতীয় পর্যায়ের মতবিনিময় সভা

তারিখ, সময় ও স্থান : ২৭ ডিসেম্বর ২০২১, সোমবার, সকাল ১১টা, সেমিনার রুম, মুক্তিযুদ্ধ জাদুঘর, আগারগাঁ, তালতলা, ঢাকা।

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক / দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল / বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক / ক্যামেরা ক্রু পাঠানোর অনুরোধ করছি।

বার্তা প্রেরক

ইসরাত জাহান পপি
প্রোগ্রাম অফিসার, কর্মজীবী নারী
যোগাযোগ: ০১৭৮০৩৭৪৪১২